



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং- জাতীঃবিঃ/পনি/মাপি/২০২১/২০২৪/২৮১

তারিখ : ১৮ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ
০৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ

২০২১ সালের প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষার কেন্দ্রসমূহ নিম্নোক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ

ডিজিটাল প্রক্রিয়ায় পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ (ফরম পূরণ, প্রবেশপত্র বিতরণ, হাজিরা প্রদান, উত্তরপত্রের নম্বর গ্রহণ এবং পরীক্ষার ফলাফল প্রস্তুতকরণ ইত্যাদি) সম্পাদনের নিমিত্তে জাতীয় বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তুতকৃত Examination Management System (EMS) Software-এর মাধ্যমে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ব্যাপারে ২০২১ সালের প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষায় EMS Software ব্যবহার করে অ্যান্ড্রয়েড মোবাইল অ্যাপের মাধ্যমে ডিজিটাল হাজিরা গ্রহণ এবং অন্যান্য কার্যাবলী সম্পন্ন করার জন্য আপনাকে/কেন্দ্রের প্রধান/ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি।

NU Invigilator App পরিচালনা, হাজিরা প্রেরণ ও অন্যান্য আনুসঙ্গিক নির্দেশাবলী

- ১) পরীক্ষা শুরুর পূর্বেই অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য/কক্ষ পরিদর্শকের তথ্য EMS Software-এর কেন্দ্র প্যানেলে (center/regional center) ইনভিজিটরের আইডি ক্রিয়েট এবং App Access দিয়ে নিয়োজিত করবেন।
- ২) পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ (এক) ঘন্টা পূর্বে মোবাইল ডিভাইস অন করতে হবে এবং মোবাইলে চার্জ পূরণ আছে কিনা দেখতে হবে। ডিভাইসে ইন্টারনেট সংযোগ চালু করতে হবে।
- ৩) NU Invigilator App টি গুগল প্লে-স্টোর থেকে আপডেট ও ইনস্টল করা যাবে।
- ৪) যে কোন অ্যান্ড্রয়েড মোবাইল ফোন (আইফোন ব্যতিত) NU Invigilator App টি ওপেন করে কক্ষ পরিদর্শকের ইউজার ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে।
- ৫) একটি রুম নাম্বার ক্রিয়েট করে মোট পরিক্ষার্থীর সংখ্যা দিয়ে স্ক্যান শুরু করতে হবে।
- ৬) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে সরবরাহকৃত QR Code সম্বলিত উত্তরপত্র ছাড়া অন্য কোন উত্তরপত্রের পরীক্ষা নেওয়া যাবেনা।
- ৭) উত্তরপত্রের এবং প্রবেশপত্রের QR Code উপর নিচ রেখে কক্ষ পরিদর্শক তার মোবাইল ফোনে ইনস্টল করা NU Invigilator App দিয়ে এক এক করে হাজিরা স্ক্যান সম্পন্ন করে সার্ভারে প্রেরণ করবেন।
- ৮) কেন্দ্র পরিবর্তন করা পরীক্ষার্থীদের হাজিরা গ্রহণের জন্য ইনভিজিটরের অ্যাপের “Center Change Attendance” মেনু সিলেক্ট করে রোল নম্বর দিয়ে “SEARCH” বাটনে ক্লিক করে রুম নাম্বার এবং উত্তরপত্রের সিরিয়াল নম্বর দিয়ে সাবমিট করতে হবে।
- ৯) পরীক্ষা চলাকালীন সময়ের মধ্যেই পরীক্ষার্থীর হাজিরার কাজ সম্পন্ন করতে হবে।
- ১০) অনুপস্থিত পরীক্ষার্থীদের রোল নাম্বার NU Invigilator App অথবা Center Panel থেকে পরীক্ষার্থীর রোল ও কক্ষ নম্বর দিয়ে সাবমিট করতে হবে।
- ১১) বহিঃস্থ পরীক্ষার্থীর তথ্য Center Panel থেকে বিস্তারিত তথ্য দিয়ে ডাউনলোড করে পূর্বের নিয়মে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করতে হবে।
- ১২) সংশ্লিষ্ট পরীক্ষায় যারা ফরম পূরণ করেছে শুধুমাত্র তাদের ডাটা EMS Software-এ আপডেট থাকবে।
- ১৩) হাজিরা ফর্দ ও যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে উপস্থিত/অনুপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা যাচাই করে টপ শীট কলেজে সংরক্ষণ করতে হবে।
- ১৪) পূর্বের ন্যায় ম্যানুয়াল পদ্ধতিতেও হাজিরাসীটে পরীক্ষার্থীদের হাজিরা গ্রহণ, সংরক্ষণ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে।
- ১৫) প্রয়োজনে যোগাযোগ করুনঃ
 ১. জনাব মোঃ মেহেদী হাসান -০১৬৭৬-২২৭০১৯
 ২. জনাব মোজাদিরুল ইসলাম রাজু -০১৬০৯-৬০৫৪৯৪
 ৩. মোঃ ইব্রাহীম খন্দকার- ০১৭১০-৬৫৯০৬৮

পরীক্ষা গ্রহণ ও পরিচালনায় আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

(মোঃ এনামুল করিম)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ০২৯৯৬৬৯১৫১৭

ই-মেইল: controller@nu.ac.bd